# পঞ্চম অধ্যায়: ব্যবসায়ের আইনগত দিক

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶১** জনাব আলিফ একজন সফটওয়্যার প্রকৌশলী। তিনি নতুন সফটওয়্যার উন্নয়ন করে তা নিবন্ধন করার পর ৩০ লক্ষ টাকায় 'গ্রিন টেকনোলজি' নামে একটি প্রতিষ্ঠানের কাছে বিক্রি করেন। উক্ত প্রতিষ্ঠানের নামের ওপর চারটি পাখা সংবলিত সুন্দর একটি চিহ্ন আছে। দুই বছর পর তিনি লক্ষ করলেন, তার উদ্ভাবিত সফটওয়্যার অন্য একটি কোম্পানি ব্যবহার করছে। তাই তিনি ক্ষতিপূরণ চেয়ে আইনের আশ্রয় নেন। *◀ শিখনফল-৪ ও ৫*

ক. ফ্রানসাইজি কে? ১
খ. অগ্নিবিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব আলিফের আবিষ্কারটি কোন আইনে নিবন্ধিত হয়েছিল? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত গ্রিন টেকনোলজি-এর চারটি পাখা সম্বলিত চিহ্নের উপযোগিতা মূল্যায়ন করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো বিখ্যাত কোম্পানির সুনাম ব্যবহার করে যে কোম্পানি এর পণ্য তৈরি ও বিক্রি করে, সে কোম্পানি হলো ফ্রানসাইজি।

**খ** অগ্নিজনিত ঝুঁকির বিপক্ষে যে বিমা করা হয়, তাকে অগ্নিবিমা বলে। জীবন বিমা ছাড়া অন্য সব বিমার আর্থিক ক্ষতি প্রতিস্থাপন করা যায়। অগ্নিবিমায় বিমাকৃত সম্পত্তির ক্ষতি হলে বিমাকারী প্রিমিয়ামের বিনিময়ে আর্থিক ক্ষতিপূরণ দেয়। তাই অগ্নিবিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয়।

**গ** উদ্দীপকে বর্ণিত জনাব আলিফের আবিষ্কারটি পেটেন্ট আইনে নিবন্ধিত হয়েছিল।
এর মাধ্যমে নতুন কোনো উদ্ভাবিত বিষয়ের ওপর আবিষ্কারক একক অধিকার পায়। এতে নির্দিষ্ট সময়ের জন্য অন্য কেউ এটি নকল করে লাভবান হতে পারে না। ফলে আবিষ্কারকের আর্থিক ও আইনি স্বার্থ রক্ষা হয়।
উদ্দীপকের জনাব আলিফ একজন সফটওয়্যার প্রকৌশলী। তিনি নতুন একটি সফটওয়্যার উন্নয়ন করেন। এরপর তা নিবন্ধন করেন। তার এ আবিষ্কারটি সম্পূর্ণ নতুন। এর শিল্প উপযোগিতা আছে। দুই বছর পর তার আবিষ্কারটি অন্য একটি কোম্পানি ব্যবহার করতে শুরু করে। তাই তিনি ক্ষতিপূরণ চেয়ে আইনের আশ্রয় নেন। কারণ তার আবিষ্কারটি নিবন্ধিত ছিল। ফলে তিনি আইনিভাবে প্রতিকার পাবেন। এসব বৈশিষ্ট্যের সাথে পেটেন্ট আইনের সুবিধার মিল আছে। সুতরাং, জনাব আলিফের আবিষ্কারটি পেটেন্ট আইনে নিবন্ধিত ছিল।

**ঘ** উদ্দীপকে বর্ণিত গ্রিন টেকনোলজি প্রতিষ্ঠানটির চারটি পাখা সম্বলিত ট্রেডমার্ক চিহ্নের গুরুত্বপূর্ণ উপযোগিতা আছে।
ট্রেডমার্ক বিশেষ কোনো চিহ্ন বা প্রতীক দিয়ে প্রকাশ করা হয়। এটি একটি প্রতিষ্ঠানের পণ্য থেকে অন্য প্রতিষ্ঠানের পণ্যকে আলাদা করে। আইনের মাধ্যমে এটি নিবন্ধন করলে সুবিধা পাওয়া যায়। কারণ, অন্য কেউ এটি নকল করে লাভবান হতে পারে না।
উদ্দীপকের জনাব আলিফ একজন সফটওয়্যার প্রকৌশলী। তিনি একটি নতুন সফটওয়্যার উন্নয়ন করে এটি নিবন্ধন করেন। এরপর 'গ্রিন টেকনোলজি' প্রতিষ্ঠানের কাছে বিক্রি করেন। এ প্রতিষ্ঠানের নামের ওপর চারটি পাখা সম্বলিত একটি চিহ্ন আছে। এই চিহ্নটি হলো ট্রেডমার্ক।
এর মাধ্যমে প্রতিষ্ঠানটি তাদের পণ্যের একক অধিকার পায়। বিশেষ চিহ্ন থাকায় ক্রেতারা তাদের পণ্য সহজে চিনতে পারে। এতে তাদের সফটওয়্যার কেনা ও বেচার ক্ষেত্রে সুবিধা হয়। এছাড়া, প্রতিষ্ঠানের স্বাতন্ত্র্য বজায় থাকবে ও সুনাম বাড়বে। ট্রেডমার্ক নিবন্ধিত থাকলে কোম্পানিটি আইনি সুরক্ষাও পাবে। তাই বলা যায়, গ্রিন টেকনোলজি-এর ট্রেডমার্ক চিহ্নটি ব্যবসায়ের ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন ▶২** জাপানে McDonald's কোম্পানি তাদের "Golden Arches" ট্রেডমার্ক নিজেদের নামে রেজিস্ট্রেশন করে। এরপর জাপানি সুপ্রিমকোর্টের সাথে একটি দীর্ঘমেয়াদি এবং ব্যয়বহুল আইনগত প্রক্রিয়ার পর কোম্পানি এই ট্রেডমার্কের ওপর তাদের আইনগত অধিকার প্রতিষ্ঠা করে। *◀ শিখনফল-৫*

ক. ট্রেডমার্ক কী? ১
খ. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের সময়সীমা উল্লেখ করো। ২
গ. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা উদ্দীপকের আলোকে বর্ণনা করো। ৩
ঘ. ট্রেডমার্ক ব্যবহারের সুবিধা এবং অসুবিধাগুলো উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো পণ্যকে অন্য পণ্য থেকে স্বতন্ত্র করার লক্ষ্যে ব্যবহৃত প্রতীককে ট্রেডমার্ক বলে।

**খ** ব্যবসায়ের আইনগত দিকের মধ্যে উল্লেখযোগ্য একটি দিক হলো পণ্য প্রতীক বা ট্রেডমার্ক।
এটি পণ্যের স্বাতন্ত্যতা নির্দেশ করে। সাধারণত ট্রেডমার্কের মেয়াদ হলো ৭ বছর। তবে কোনো মালিক যদি ঐ ৭ বছরের মধ্যে প্রতীক নবায়নের জন্য আবার আবেদন করে তবে পরবর্তী ১০ বছরের জন্য নবায়ন হয়। আবার অনির্দিষ্টকালের জন্য বারবার নবায়ন করে ট্রেডমার্ক ব্যবহারের অধিকার সংরক্ষণ করা যায়। এতে কোনো পণ্য বা সেবার ক্ষেত্রে ট্রেডমার্কটি শুধু ঐ রেজিস্টার্ড মালিকই ব্যবহার করতে পারেন।

**গ** ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা অপরিসীম।
কোনো পণ্য বা সেবাকে অন্যের উৎপাদিত পণ্য থেকে আলাদা করার জন্য ট্রেডমার্ক ব্যবহার করা হয়। এর প্রতীক বা মার্ক নিবন্ধকের অফিসে গিয়ে নিবন্ধন বা রেজিস্ট্রেশন করা হয়। এতে পণ্যের সাতন্ত্র্য সুরক্ষিত হয়।
উদ্দীপকে বলা হয়েছে, জাপানের McDonald's কোম্পানি তাদের 'Golden Arches' ট্রেডমার্ক নিজেদের নামে রেজিস্ট্রেশন করে। এরপর জাপানি সুপ্রিমকোর্টের সাথে একটি দীর্ঘমেয়াদি এবং ব্যয়বহুল আইনগত প্রক্রিয়ার পর ট্রেডমার্ক নিবন্ধন করে। এতে অন্য কোনো কোম্পনি এটি নকল করতে পারবে না। তাদের পণ্যের ট্রেডমার্কটি আইনের মাধ্যমে সুরক্ষিত। এর মাধ্যমে McDonald's তার পণ্যের একক অধিকার লাভ করে। অন্য কেউ এটি নকল করলে McDonald's তার বিরুদ্ধে মামলা করে আইনগত প্রতিকার পেতে পারবে। ফলে এটি আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা পাবে। তাই এ সুবিধাগুলোর আলোকে বলা যায়, ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা অপরিসীম।

**ঘ** ট্রেডমার্ক মালিককে এটি ব্যবহারের একক অধিকার ও পণ্যের স্বতন্ত্র সুবিধা দিয়ে থাকলেও এটি একটি দীর্ঘমেয়াদি এবং ব্যয়বহুল আইনি প্রক্রিয়া।
ব্যবসায়ের ক্ষেত্রে কোনো পণ্যকে অন্য পণ্য থেকে আলাদা করার জন্য ট্রেডমার্ক ব্যবহার করা হয়। স্বাতন্ত্যতাই এ প্রতীকের মূল বিষয়।
উদ্দীপকে বলা হয়েছে, জাপানের McDonald's কোম্পানি তাদের ট্রেডমার্ক নিজেদের নামে রেজিস্ট্রেশন করে। দীর্ঘমেয়াদি ও ব্যয়বহুল আইনগত প্রক্রিয়ার পর তাদের নিবন্ধন কাজ শেষ হয়। এর মাধ্যমে কোম্পানিটি তার পণ্যের একক অধিকার পায়।

McDonald's তাদের ট্রেডমার্কটি রেজিস্ট্রেশন করেছে। এর মাধ্যমে McDonald's একটি নির্দিষ্ট সময় পর্যন্ত এই নামে একক পণ্য তৈরি ও বিক্রি করতে পরবে। অন্য কোনো কোম্পানি এটি ব্যবহার বা নকল করলে McDonald's তাদের বিরুদ্ধে মামলা করতে পারবে। আর আর্থিক ও আইনি সহায়তাও পাবে। আর রেজিস্ট্রেশন না থাকলে কোম্পনি উক্ত সুবিধা পাবে না। এছাড়া ট্রেডমার্কের কিছু অসুবিধা আছে। এটি একটি আইনগত প্রক্রিয়া। আইনি জটিলতার কারণে এটি পেতে সময় বেশি লাগে। ফলে খরচ বেড়ে যায়। ফলে এটি একটি দীর্ঘমেয়াদি ও ব্যয়বহুল প্রক্রিয়া। তাই বলা যায়, ট্রেডমার্ক ব্যবহারে অনেক সুবিধার পাশাপাশি অসুবিধাও আছে।

**প্রশ্ন ▶৩** এইচএসসি পাস জনাব শহীদ নিজস্ব মননশীলতা ও সৃজনশীলতার বিকাশ করে তেলবিহীন ইলেকট্রিক মোটরসাইকেল আবিষ্কার করেন। পরবর্তীকালে তিনি পত্রিকার মাধ্যমে জানতে পারলেন, তারই মতো অন্য একজন তেলবিহীন ইলেকট্রিক মোটরসাইকেল বাজারজাতকরণের পরিকল্পনা করছে। তিনি ক্ষতিপূরণ দাবি করে মামলা করতে গিয়েও আইনানুগ কোনো ব্যবস্থা নিতে পারেননি।

◀ *শিখনফল-১ ও ৪*

ক. ঝুঁকিগত বাধা দূর করে কোনটি? ১

খ. বিশ্বের জনপ্রিয় বিমাটি ব্যাখ্যা করো। ২

গ. জনাব শহীদের আবিষ্কার কোন সম্পদের অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. জনাব শহীদের আইনানুগ ব্যবস্থা নিতে না পারার কারণ মূল্যায়ন করো। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** বিমা ঝুঁকিগত বাধা দূর করে।

*সহায়ক তথ্য*

বিমা হলো বিমাগ্রহীতা ও বিমাকারীর মধ্যে একটি চুক্তি যেখানে বিমাকারী প্রিমিয়ামের বিনিময়ে বিমাগ্রহীতার জীবন বা সম্পত্তির আর্থিক ক্ষতিপূরণের নিশ্চয়তা দেয়।

**খ** বিশ্বের জনপ্রিয় বিমা হলো জীবন বিমা।

এ বিমায় বিমাকারী বিমা প্রিমিয়ামের বিনিময়ে বিমা গ্রহণকারী ব্যক্তিকে বা তার উত্তরাধিকারী ব্যক্তিকে নির্দিষ্ট সময় পরে বা বিমাগ্রহীতার মৃত্যুতে বিমাকৃত অর্থ দেয়। এ অর্থ বিমাগ্রহীতা বা তার পরিবার বিনিয়োগ হিসেবে কাজে লাগাতে পারে। তাই জীবন বিমা সবচেয়ে জনপ্রিয়।

**গ** জনাব শহীদের আবিষ্কার মেধা সম্পদের অন্তর্গত।

ব্যক্তি তার মেধা ও মননশীলতা ব্যবহার করে মেধা সম্পদ সৃষ্টি করেন। যেমন: শিল্পে ব্যবহার উপযোগী আবিষ্কার, সাহিত্য, শিল্পকর্ম, নকশা, প্রতীক প্রভৃতি এর অন্তর্গত। এগুলো দীর্ঘদিন চেষ্টা চালিয়ে উদ্ভাবন করা হয়। আর এর উদ্যোক্তাকে এগুলোর ওপর আইনিভাবে একক অধিকার দেওয়া হয়।

উদ্দীপকের জনাব শহীদ তেলবিহীন ইলেকট্রিক মোটরসাইকেল আবিষ্কার করেন। এ কাজটি করার জন্য তিনি তার সৃজনশীলতার ব্যবহার করেছেন। এ কাজে তিনি মেধার পাশাপাশি অনেক সময়ও দিয়েছেন। এটি শিল্প বাজারে একটি নতুন আবিষ্কার। এসব বৈশিষ্ট্য মেধা সম্পদের সাথে সম্পর্কিত। তাই জনাব শহীদের আবিষ্কারটিকে মেধা সম্পদ বলা যায়।

**ঘ** জনাব শহীদ মেধা সম্পদের পেটেন্ট না করায় আইনানুগ ব্যবস্থা নিতে পারেন নি।

পেটেন্ট এক ধরনের মেধা সম্পদ। এর মাধ্যমে আবিষ্কারককে একটি নির্দিষ্ট সময়ের জন্য পণ্যের একক মালিকানা দেওয়া হয়। ঐ সময়ের মধ্যে কেউ পণ্য নকল করলে মূল মালিক এর আইনি প্রতিকার পায়।

উদ্দীপকের জনাব শহীদ তার মেধার মাধ্যমে একটি তেলবিহীন ইলেকট্রিক মোটরসাইকেল আবিষ্কার করেন। এটি তার মেধা সম্পদ। পরবর্তীতে তিনি জানতে পারেন, অন্য একজন ব্যক্তি একই রকম মোটরসাইকেল আবিষ্কার করে। এছাড়া বাজারজাতেরও পরিকল্পনা করছে। পরবর্তীতে তিনি ক্ষতিপূরণ দাবি করে মামলা করেন। কিন্তু তিনি কোনো আইনি ব্যবস্থা নিতে পারেননি।

পেটেন্টকৃত পণ্য কেউ নকল করলে সহজেই এর আইনি প্রতিকার ও ক্ষতিপূরণ পাওয়া যায়। কিন্তু জনাব শহীদ নিজের আবিষ্কৃত মেধা সম্পদের পেটেন্ট চুক্তি করেননি। ফলে তার আবিষ্কারটি আইনগতভাবে সুরক্ষিত হয়নি। তাই অন্য একজন তা নকল করে বাজারজাত করতে চাইলেও তিনি কোনো আইনি ব্যবস্থা নিতে পারেননি। অতএব, পেটেন্ট চুক্তির অনুপস্থিতিই জনাব শহীদের আইনানুগ ব্যবস্থা না নিতে পারার কারণ।

**প্রশ্ন ▶৪** আসমান তার বাবার সাথে বায়তুল আমান মসজিদে শুক্রবার নামাজ পড়তে এলো। নামাজ শেষে আসমান ও তার বাবা কুটুমবাড়ি রেস্টুরেন্টে খাবার খেতে ঢুকল। তার বাবা তাকে বলল কুটুমবাড়ি লন্ডনের জনপ্রিয় একটি প্রতিষ্ঠানের শাখা, যার ফ্রানসাইজিং হলো বাংলাদেশের ট্রান্সকম লি.।

◀ *শিখনফল-৩*

ক. ফ্রানসাইজি ও ফ্রানসাইজার কে? ১

খ. ফ্রানসাইজিং ব্যবসায়ের দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. ফ্রানসাইজিং চুক্তির মধ্যে কী কী বিষয় অন্তর্ভুক্ত থাকা উচিত বলে তুমি মনে করো? ৩

ঘ. সুবিধা-অসুবিধা বিশ্লেষণপূর্বক বাংলাদেশে ফ্রানসাইজিং ব্যবসায়ের সম্ভাবনা মূল্যায়ন করো। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** যিনি ফ্রানসাইজারের পণ্য বা সেবা বিক্রি বা বিতরণের অধিকার পান তাকে ফ্রানসাইজি বলে। আর ফ্রানসাইজার হলো এমন কোনো প্রতিষ্ঠান যেটি অর্থের বিনিময়ে তার নাম ব্যবহার ও পণ্য বা সেবা উৎপাদন এবং তা বিক্রি করার অনুমতি অন্য প্রতিষ্ঠানকে দেয়।

**খ** কোনো খ্যাতনামা প্রতিষ্ঠানের নাম ব্যবহার ও এর পণ্য তৈরি এবং বিক্রি করাকে ফ্রানসাইজিং ব্যবসায় বলে

ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য হলো এর চুক্তি ফ্রানসাইজি ও ফ্রানসাইজারের মধ্যে স্বাক্ষরিত হয়। এর আরেকটি বৈশিষ্ট্য হচ্ছে ফ্রানসাইজি শুধু ঐ আইটেম বা পণ্যগুলো বিক্রি করতে পারবে, যা ফ্রানসাইজার গ্রহণযোগ্য বলে মনে করে। যেমন: আমেরিকার K.F.C হচ্ছে ফ্রানসাইজার; আর বাংলাদেশের ট্রান্সকম লি. হচ্ছে ফ্রানসাইজি।

**গ** ফ্রানসাইজিং চুক্তিতে পুঁজির পরিমাণ, প্রশিক্ষণের ব্যবস্থা, ফ্রানসাইজিং এলাকা প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত থাকা উচিত।

ফ্রানসাইজিং ব্যবসায়ে কোনো খ্যাতনামা প্রতিষ্ঠানের নাম ব্যবহার এবং পণ্য তৈরি ও বিক্রি করা হয়। চুক্তি হলো এ ব্যবসায়ের মূল ভিত্তি। ব্যবসায় পরিচালনার নিয়ম-নীতি ও বৈশিষ্ট্য এ চুক্তিতে অন্তর্ভুক্ত থাকে।

উদ্দীপকের কুটুমবাড়ি হলো লন্ডনের একটি প্রতিষ্ঠান। এর ফ্র্যানসাইজি হলো বাংলাদেশের ট্রান্সকম লি.। এটি ব্যবসায় করার জন্য লন্ডনের প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবদ্ধ হয়। এ চুক্তিতে প্রয়োজনীয় সব বিষয় নির্দিষ্টভাবে উল্লেখ করতে হয়। চুক্তি অনুযায়ী ফ্রানসাইজিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগ করতে হয়। আবার প্রতিষ্ঠানের নির্দিষ্ট মান অনুযায়ী কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থাও করতে হয়। অন্যদিকে চুক্তির আরেকটি উল্লেখযোগ্য বিষয় হলো ব্যবসায়ের এলাকা। এতে কোন এলাকায় ব্যবসায় করা হবে তা যথাযথভাবে চুক্তিতে থাকতে হবে। এছাড়া চুক্তিতে ব্যবস্থাপনায় সাহায্য করার কথাও উল্লেখ রাখতে হয়। এ বিষয়গুলো উল্লেখ থাকলে ফ্রানসাইজিং ব্যবসায় ভালোভাবে পরিচালনা করা সম্ভব হয়।

**ঘ** ফ্রানসাইজিং ব্যবসায়ের সুবিধা ও অসুবিধাগুলো এর পরিচালনায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাব ফেলে বলে আমি মনে করি।

ফ্র্যানসাইজিং ব্যবসায়ের সুবিধাগুলো হলো ব্র্যান্ডের পণ্য বাজারজাতকরণ, কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা, পরামর্শ লাভ এবং অর্থায়নে সহায়তা।

আবার এর অসুবিধাগুলো হলো কড়া মনিটরিং, চুক্তি বাতিলের আশঙ্কা ও বেশি বিনিয়োগ প্রভৃতি।

ফ্রানসাইজিং ব্যবসায়ে সুবিধার পাশাপাশি অসুবিধাও আছে। সুবিধাগুলোর মধ্যে অন্যতম হলো এ ব্যবসায়ের মাধ্যমে ব্র্যান্ডের পণ্য বিক্রি করা যায়, যা ক্রেতাদের ভালো মানের পণ্যের নিশ্চয়তা দেয়। আবার এ রকম ব্যবসায়ে কর্মীরা আন্তর্জাতিক নিয়ম-নীতির প্রশিক্ষণও পেয়ে থাকে। অন্যদিকে যেকোনো সমস্যায় ফ্রানসাইজি তার ফ্রানসাইজারের পরামর্শ পেয়ে থাকে। এছাড়া প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় অর্থসংস্থানও করা হয়। অন্যদিকে এমন ব্যবসায়ের ক্ষেত্রে অসুবিধাও পরিলক্ষিত হয়। প্রধান অসুবিধাগুলোর একটি হলো এর কড়া মনিটরিং। এতে ফ্রানসাইজিকে সবসময় জবাবদিহিতার মুখোমুখি হতে হয়। আর চুক্তির যেকোনো শর্ত ভঙ্গ হলে চুক্তি বাতিলের আশঙ্কাও থাকে। ফলে প্রতিষ্ঠানগুলো সবসময় মানসিক চাপে থাকে। এছাড়া এমন প্রতিষ্ঠান স্থাপনে বেশি বিনিয়োগের দরকার, যার সংস্থানও সহজে হয় না। তবুও ফ্রানসাইজিং ব্যবস্থা নতুন ব্যবসায় প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়তা করছে। বিদেশে এ ধরনের ব্যবসায় জনপ্রিয় হলেও বাংলাদেশে তেমন প্রসার হয়নি। বড় বড় শহরের পাশাপাশি জেলা শহরগুলোতে এগুলোর শাখা বাড়ালে ধীরে ধীরে এর পরিচিতি আরও বাড়বে বলে আমি মনে করি।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৫** জনাব কাশেমের উদ্ভাবিত চালের কুঁড়া থেকে তৈরি ভোজ্যতেল বাজারে প্রচলিত অনুরূপ তেল থেকে স্বতন্ত্র এবং একচেটিয়া মালিকানা পাওয়ার জন্য ব্যবস্থা নিয়েছেন। তেলের মান ভালো হওয়ায় অল্প দিনের মধ্যে তিনি ব্যবসায়ে সফলতা পেয়েছেন। *◀ শিখনফল-৪ ও ৮*

ক. প্রিমিয়াম কাকে বলে? ১

খ. বিমা কেন করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব কাশেম একচেটিয়া মালিকানা পাবে কিসের মাধ্যমে? বর্ণনা করো। ৩

ঘ. জনাব কাশেম কীভাবে পণ্যের মান সম্পর্কে নিশ্চিত হয়েছেন তা বিশ্লেষণ করো। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** বিমাগ্রহীতা তার সম্পত্তির ঝুঁকির বিনিময়ে বিমাকারীকে যে অর্থ দেয়, তাকে প্রিমিয়াম বলে।

**খ** মানুষের জীবন ও সম্পত্তিকে ঘিরে যে বিপদ বা ঝুঁকি বিদ্যমান তা থেকে সুরক্ষার জন্য আর্থিক প্রতিরক্ষামূলক ব্যবস্থাকে বিমা বলে।

বিমা চুক্তির মাধ্যমে ব্যক্তি বা ব্যবসায়ী তার সম্পদের আর্থিক নিরাপত্তার নিশ্চয়তা পায়। এতে ব্যবসায়ীরা চিন্তামুক্ত হয়ে ব্যবসায়িক কাজ করতে পারে। ফলে দেশে ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ হয়। ব্যক্তি জীবনেও বিমা আর্থিক নিশ্চয়তা দেয়। এসব কারণের জন্যই বিমা করা হয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** পেটেন্ট চুক্তির বৈশিষ্ট্য লেখো।

**ঘ** পণ্যমান নিশ্চিত করতে BSTI-এর ভূমিকা বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶ ৬** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের দুই জন বিজ্ঞানী চিংড়ির খোসা থেকে স্ট্রবেরি সুরক্ষা ও উৎপাদন বৃদ্ধিকারক আবিষ্কার করেছেন। এটি উৎপাদন বাড়াবে ৪৮%, খাদ্যগুণ বাড়াবে ৩ গুণ। রাসায়নিক বালাই নাশকের ব্যবহার নামিয়ে আনবে শূন্যের কোটায়। এতে রক্ষা পাবে পরিবেশ, আর ক্যান্সার প্রতিরোধ ক্ষমতা। স্ট্রবেরির উৎপাদন বেড়ে দাঁড়িয়েছে হেক্টর প্রতি ৫০০ টন। *◀ শিখনফল-৩*

ক. বিশ্ব মেধাসম্পদ দিবস কবে? ১

খ. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আবিষ্কারটি সুরক্ষার প্রয়োজনীয় ব্যবস্থাটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আবিষ্কারটি স্ট্রবেরি ব্যবসায় সম্প্রসারণের পাশাপাশি জাতীয় জীবনেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে— উক্তিটির সাথে তুমি কি একমত? যুক্তিসহ লিখ। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** বিশ্ব মেধাসম্পদ দিবস হলো ২৬ এপ্রিল।

**খ** কোনো উদ্যোক্তা বা প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য বা সেবাকে অন্যের উৎপাদিত পণ্য থেকে পৃথক করার জন্য ব্যবহৃত প্রতীক বা চিহ্ন হলো ট্রেডমার্ক।

এটি রেজিস্টার্ড মালিককে পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের একচ্ছত্র অধিকার দেয়। অন্য কোনো কোম্পানি এ মার্ক বা প্রতীক ব্যবহার করলে তার বিরুদ্ধে ট্রেডমার্ক নকল করার দায়ে আদালতে মামলা করে ক্ষতিপূরণ আদায় করা যায়। তবে নির্দিষ্ট মার্ক বা প্রতীক নিবন্ধিত না থাকলে ক্ষতিপূরণ পাওয়া যায় না। তাই ট্রেডমার্ক রেজিস্ট্রি করতে হয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** পেটেন্ট চুক্তির বৈশিষ্ট্য লেখো।

**ঘ** আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায়ের গুরুত্ব।

**প্রশ্ন ▶ ৭** দশম শ্রেণির ছাত্র সাগর ICT ক্লাসের জন্য একটি কম্পিউটার কেনে। কম্পিউটারের উপর একটি চিহ্ন এবং কোম্পানির নাম ছিল। এগুলো দেখে সাগর বুঝতে পারল চিহ্নটিই পণ্যটিকে অন্য পণ্য থেকে স্বাতন্ত্র্য করেছে। কম্পিউটারের চাহিদা থাকায় Z কোম্পানিও একই চিহ্ন ব্যবহার করলে প্রকৃত উৎপাদনকারী Z কোম্পানির বিরুদ্ধে মামলা করে ক্ষতিপূরণ আদায় করেন। *◀ শিখনফল-৫*

ক. বর্তমানে বাংলাদেশে কত সালের ট্রেডমার্ক আইন চালু আছে? ১

খ. মেধাসম্পদ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে সাগর কম্পিউটারের ব্যবহৃত চিহ্নটি দ্বারা কী বুঝতে পেরেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. Z কোম্পানি একই চিহ্ন ব্যবহার করায় ক্ষতিপূরণ দিতে বাধ্য হলো কেন? বিশ্লেষণ করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** বর্তমানে বাংলাদেশে ২০০৯ সালের ট্রেডমার্ক আইন চালু আছে।

*সহায়ক তথ্য*

কোনো প্রতিষ্ঠানের পণ্যকে অন্য প্রতিষ্ঠানের পণ্য থেকে আলাদা করতে যে বিশেষ চিহ্ন বা প্রতীক ব্যবহার করা হয় তাকে ট্রেডমার্ক বলে।

**খ** ব্যক্তি তার মেধা ও মননশীলতা ব্যবহার করে যা কিছু সৃষ্টি করেন, তাকে মেধাসম্পদ বলে।

সৃজনশীল ব্যক্তি দীর্ঘদিন প্রচেষ্টা চালিয়ে মেধাসম্পদ সৃষ্টি করেন। এক্ষেত্রে তার অনুমতি ছাড়া অন্য কেউ তার মেধাসম্পদ ব্যবহার করতে পারে না। গল্প, নাটক, চলচ্চিত্র, ফটোগ্রাফ, সফটওয়্যার প্রভৃতি মেধাসম্পদের উদাহরণ।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ট্রেডমার্ক-এর বৈশিষ্ট্য লেখো।

**ঘ** ট্রেডমার্ক আইন লঙ্ঘন করার পরিণতি বিশ্লেষণ করো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. পণ্যের মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
K বিসিক L বেসিক
M বিটিটিআর N বিএসটিআই

**২. ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?**
K ব্র্যান্ডেড পণ্য L পণ্যের স্বীকৃত মান
M অর্থ উপার্জন N পুঁজি সরবরাহ

**৩. সর্বাধিক প্রচলিত বিমা কত প্রকার?**
K চার L তিন
M দুই N এক

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
বুমি রহমান তার আঁকা ছবির জন্য সরকারের কাছ থেকে আইনগত স্বত্বের অধিকারী হন। ফলে তার ছবির অনুলিপি অন্য কেউ করতে পারবে না।

**৪. বুমি রহমানের চুক্তিটি কোন ধরনের?**
K কপিরাইট L অংশীদারি
M ট্রেডমার্ক N পেটেন্ট

**৫. উক্ত চুক্তির ফলে বুমি রহমানের—**
i. সাফল্য আনয়নে সহায়তা করবে
ii. সৃষ্ট মেধা সম্পদের একচ্ছত্র অধিকারী হবেন
iii. অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে প্রতিকার পাবেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. কোন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না?**
K নৌ বিমা L সাধারণ বিমা
M জীবন বিমা N অগ্নি বিমা

**৭. বিশ্ব মেধা দিবস পালিত হয় প্রতি বছর কোন তারিখে?**
K ২৩ এপ্রিল L ২৪ এপ্রিল
M ২৫ এপ্রিল N ২৬ এপ্রিল

**৮. মেধা সম্পদের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে—**
i. মার্ক বা প্রতীক ii. মোড়ক
iii. নাম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৯. পণ্য বাজারজাতকরণের জনপ্রিয় উপায়ের নাম কী?**
K কপিরাইট চুক্তি L পেটেন্ট চুক্তি
M ট্রেডমার্ক চুক্তি N ফ্রানসাইজিং চুক্তি

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. ফয়সাল বরিশাল থেকে ঢাকা আসার পথে লঞ্চ ডুবিতে মারা গেল। একটি বিমা কোম্পানি তার আগে নেওয়া বিমা পলিসি বাবদ ১০ লক্ষ টাকা পরিশোধ করায় তার পরিবারের আর্থিক অনিশ্চয়তা কিছুটা লাঘব হয়।

**১০. মি. ফয়সালের নেওয়া বিমা কোনটি?**
K দুর্ঘটনা বিমা L নৌ বিমা
M জীবন বিমা N বিশ্বস্ততা বিমা

**১১. মি. ফয়সালের বিমার ক্ষেত্রে প্রযোজ্য হবে—**
i. এটি ক্ষতিপূরণের চুক্তি
ii. এটি সবচেয়ে জনপ্রিয়
iii. মৃত্যু না হলেও অর্থ পাবেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. বর্তমানে বাংলাদেশে কত সালের বিমা আইন চালু আছে?**
K ১৯৩৮ L ১৯৯৭
M ২০০৬ N ২০১০

**১৩. ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কী?**
K উৎপাদন L বাজারজাতকরণ
M মুনাফা অর্জন N চুক্তি

**১৪. উপমহাদেশে কত সালে প্রথম কপিরাইট আইন প্রণীত হয়?**
K ১৯০৮ L ১৯০৯
M ১৯১১ N ১৯১২

**১৫. পণ্যের প্রতীক রেজিস্ট্রেশনের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম কী?**
K বেসিক L বিসিক
M বিটাক N বিএসটিআই

**১৬. বিমাগ্রহীতা বিমাকারীকে কী দেয়?**
K বিমা L প্রিমিয়াম
M সুদ N মুনাফা

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
আমেরিকার কোকাকোলা কোম্পানির কোকাকোলা পানীয়ের বাংলাদেশের পরিবেশক হচ্ছে 'ক' গ্রুপ। 'ক' গ্রুপ দেশের সকল দোকানে কোকাকোলা সরবরাহ করে। যেমন : মিতা স্টোর।

**১৭. ফ্রানসাইজি কে?**
K কোকাকোলা কোম্পানি
L 'ক' গ্রুপ
M ট্রান্সকম বেভারেজ
N মিতা স্টোর

**১৮. উপরিউক্ত ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কী?**
K মুনাফা অর্জন L সুনাম অর্জন
M চুক্তি N লেনদেন

**১৯. বৈধ ট্রেডমার্ক কত বছরের জন্য নবায়ন করা যেতে পারে?**
K ৫ L ৭
M ১০ N ১৫

**২০. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের সুবিধা হলো—**
i. পণ্যের মালিককে একচ্ছত্র স্বত্ব দেওয়া
ii. আইনগত প্রতিকার
iii. কর অবকাশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. বাংলাদেশে কোন সালের পেটেন্ট ও ডিজাইন আইন চালু রয়েছে?**
K ১৯০১ L ১৯১১
M ২০০১ N ২০১১

**২২. ফ্রানসাইজিং ব্যবসায়ে কয়টি পক্ষ থাকে?**
K দুইটি L তিনটি
M চারটি N পাঁচটি

**২৩. পাবলিক লি. কোম্পানির জন্য ন্যূনতম কতজন প্রবর্তকের প্রয়োজন?**
K দুই জন L পাঁচ জন
M সাত জন N দশ জন

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
বিএসটিআই পণ্যের মান নির্ধারণী সংস্থা। উৎপাদনী প্রতিষ্ঠানকে তার পণ্য বাজারজাত করার আগে এ সংস্থা থেকে সনদপত্র সংগ্রহ করতে হয়।

**২৪. বিএসটিআই কোন মন্ত্রণালয়ের অধীনে কার্যরত?**
K মৎস্য L খাদ্য
M শিল্প N বস্ত্র

**২৫. বিএসটিআই—**
i. পণ্যের মান নিয়ন্ত্রণ করে
ii. ট্রেডমার্ক নিবন্ধন করে
iii. বিমা করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. কোম্পানি নিবন্ধকের ভূমিকা পালন করে কে?**
K সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
L রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি
M জেলা প্রশাসক
N বিভাগীয় কমিশনার

**২৭. বিমার কয়টি পক্ষ থাকে?**
K দুটি L তিনটি
M চারটি N পাঁচটি

**২৮. বিএসটিআই—**
i. পণ্যের মান নিয়ন্ত্রণ করে
ii. ট্রেডমার্ক নিবন্ধন করে
iii. বিমা করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. সব সৃজনশীল উদ্ভাবনের মূলে রয়েছে?**
K চলতি সম্পদ L জাতীয় সম্পদ
M স্থায়ী সম্পদ N মেধা সম্পদ

**৩০. স্বাতন্ত্র্য কোনটির মূল বিষয়?**
K পণ্য প্রতীক L পেটেন্ট
M নিবন্ধন N কপিরাইট

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জনাব আনিসুল হক বাংলাদেশের অর্থনীতির ওপর একটি গবেষণামূলক গ্রন্থ প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও বাজারে আশানুরূপ বিক্রি হচ্ছে না। তিনি খোঁজ নিয়ে জেনেছেন বইটির নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কমে বাজারে বিক্রি হচ্ছে।

ক. পণ্যের প্রতীককে কী বলে? ১
খ. বিএসটিআই-এর কাজ কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আনিসুল হকের সৃষ্ট কাজটি কিসের অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. নকল প্রতিরোধে জনাব আনিসুল হকের কী পদক্ষেপ নেওয়া উচিত বলে তুমি মনে করো। তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** জনাব আকাশ তার কয়েকজন বন্ধু মিলে নিবন্ধনের ভিত্তিতে W. Food নামে একটি খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠান গঠন করে। মানসম্মত খাবারের কারণে প্রতিষ্ঠানটি খুব দ্রুত জনপ্রিয়তা লাভ করে। সম্প্রতি তারা মালয়েশিয়ার বিখ্যাত SB নামে একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তির ভিত্তিতে তাদের নামে খাদ্য তৈরি ও বিতরণ করার অধিকার লাভ করে। বছরখানেক পর গ্রাহকরা খাবারের গুণাগুণ নিয়ে অভিযোগ করে। ঘটনা সত্যতা পেয়ে SB প্রতিষ্ঠানটি W. Food-এর সাথে চুক্তি বাতিল করে।

ক. লাইসেন্স কী? ১
খ. কপিরাইট কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২
গ. W. Food কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রতিষ্ঠানের চুক্তি বাতিলের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৩.▶** 'প্রিয়ন্তী' ডায়াবেটিস বিস্কুট উৎপাদনকারী কোম্পানি। প্রিয়ন্তী কোম্পানি সরকারের সাথে এমন একটি চুক্তি সম্পন্ন করেছে, যার কারণে তাদের পণ্যটি অন্য কেউ তৈরি ও বিক্রয় করতে পারবে না। এছাড়াও কোম্পানিটি তাদের পণ্যটি বাজারজাত করার আগে সরকারি একটি প্রতিষ্ঠানের সহায়তায় মান যাচাই করে পণ্য তৈরি করে। ফলে কোম্পানির পণ্যটি সহজে ক্রেতার আস্থা অর্জন করেছে।

ক. ব্যবসায়ের ক্ষতির আশঙ্কাকে কী বলে? ১
খ. জীবন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না কেন? ব্যাখ্যা করো। ২
গ. প্রিয়ন্তী কোম্পানির সাথে সরকারের কোন ধরনের চুক্তি সম্পন্ন হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. পণ্যটির মান যাচাই করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানটির অবদান মূল্যায়ন করো। ৪

**৪.▶** 'সৃজনী' মানসম্পন্ন পণ্য সরবরাহ করে দেশের সর্বত্র জনপ্রিয়তা অর্জন করেছে। কোম্পানিটি সরকারের সাথে এমন একটি চুক্তি করেছে যার ফলে কোম্পানিটি বছরের পর বছর একচেটিয়া ব্যবসায় করে যাচ্ছে। কোম্পানির পণ্য সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি পণ্যের মোড়কের গায়ে ইংরেজি 'S' ব্যবহার করা হয়।

ক. পেটেন্ট কী? ১
খ. ব্যবসায়ের সবচেয়ে জনপ্রিয় বিমা কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. কোন ধরনের চুক্তির ফলে সৃজনী একচেটিয়া ব্যবসায় করছে? বর্ণনা করো। ৩
ঘ. সৃজনীর তৈরি পণ্যের গায়ে 'ঝ' অক্ষর দ্বারা ব্যবসায়িক স্বার্থ সুরক্ষা হয়- যুক্তি দাও। ৪

**৫.▶** অনন্যা ট্রেডার্স মানসম্পন্ন পণ্য সরবরাহ করে দেশের সর্বত্র অনেক জনপ্রিয়তা অর্জন করেছে। কোম্পানিটি সরকারের সাথে এমন একটি চুক্তি করেছে যার ফলে কোম্পানিটি বছরের পর বছর একচেটিয়া ব্যবসায় করে যাচ্ছে। কোম্পানিটির পণ্য সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি পণ্যের মোড়কের গায়ে 'AT' ব্যবহার করা হয়।

ক. বিমা কী? ১
খ. মেধাসম্পদ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. কোন ধরনের চুক্তির ফলে অনন্যা ট্রেডার্স একচেটিয়া ব্যবসায় করছে? বর্ণনা করো। ৩
ঘ. "অনন্যা ট্রেডার্সের পণ্যের গায়ে 'AT' অক্ষর দ্বারা ব্যবসায়িক স্বার্থ সুরক্ষা হয়- যুক্তি দাও। ৪

**৬.▶** নাঈম একজন বিজ্ঞ ব্যক্তি। তিনি পরিবেশ বিষয়ে গবেষণা করে একটি বই প্রকাশ করলেন। প্রথমদিকে বইয়ের বিক্রি ভালো থাকলেও কিছুদিনের মধ্যে বইয়ের নকল বের হলো। তিনি আইনগত ব্যবস্থা নিতে গেলে কর্তৃপক্ষ তাকে নির্দিষ্ট পন্থা অবলম্বন করতে বললেন। সরকারি কর্তৃপক্ষের সাথে চুক্তিবন্ধ হয়ে তিনি বইয়ের নকল প্রতিরোধ করলেন।

ক. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের মেয়াদ কত বছর? ১
খ. ট্রেডমার্ক রেজিস্ট্রি করতে হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. নাঈমের বই প্রকাশে কোনটির অভাব পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা করো? ৩
ঘ. নাঈম কর্তৃপক্ষের সাথে চুক্তিবন্ধ হয়ে কতটা উপকৃত হবেন বলে তুমি মনে করো। বিশ্লেষণ করো। ৪

**৭.▶** মিসেস শিউলি বেগম পণ্য কেনার বিষয়ে খুবই সচেতন থাকেন। বাংলাদেশি কোনো পণ্য কেনার সময় তিনি দেখেন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা। বিশেষ করে খাদ্য ও প্রসাধন সামগ্রীর ক্ষেত্রে এটা থাকতেই হবে। ব্র্যান্ড পণ্য কেনার প্রতি তার আগ্রহ। এক্ষেত্রে নকলের সম্ভাবনাও কম।

ক. ফ্রানসাইজার কে? ১
খ. বিমা প্রিমিয়াম বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মিসেস শিউলি বেগম কোন ধরনের কর্তৃপক্ষের অনুমোদন আছে কি না পরীক্ষা করেন? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মিসেস শিউলি বেগম যে আইনগত বিষয়টি দেখে পণ্য কেনেন তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

**৮.▶** জনাব মাহিন চীন থেকে ইলেট্রনিকস পণ্য আমদানি করছেন। সমুদ্রপথে নিরাপদে তার এ পণ্যসামগ্রী চট্টগ্রাম বন্দরে আনয়নের জন্য তিনি একটি বিমা কোম্পানির সাথে চুক্তিবন্ধ হন। এ প্রেক্ষিতে বিমাকারীকে প্রিমিয়াম বাবদ অর্থ পরিশোধ করতে হলেও তিনি অনেকটা দুশ্চিন্তামুক্ত।

ক. কেএফসি-এর বাংলাদেশস্থ ফ্রানসাইজি কে? ১
খ. বিমা কেন করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মাহিনের বিমার ধরনটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ব্যবসায় ক্ষেত্রে বিভিন্ন ধরনের বিমার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

**৯.▶** জনাব আসাদ চৌধুরী একজন শিল্পপতি। তিনি তার ব্যবসায়ের অর্থ থেকে ব্যক্তিগত ব্যবহারের জন্য একটি "ল্যান্ড ক্রুজার' গাড়ি কেনেন। বর্তমানে এটি একটি বিলাসবহুল ও ব্যয়বহুল গাড়ি। তাই তিনি গাড়িটির জন্য একটি বিমা চুক্তি করার সিদ্ধান্ত নিলেন। কারণ গাড়িটির বিমা করা থাকলে কোনো প্রকার ক্ষতি হলে তিনি ক্ষতিপূরণ পাবেন।

ক. বিমা চুক্তিতে কোন দুটি পক্ষ থাকে? ১
খ. বিএসটিআই-এর কাজগুলো কী কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আসাদ চৌধুরী গাড়িটির জন্য কোন ধরনের বিমা পলিসি করতে পারেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**১০.▶** জনাব আব্দুল্লাহ মানসম্মত গুঁড়া মসলা বাজারজাতকরণের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীনে একটি বিশেষ সংস্থায় প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন করলে উক্ত কর্তৃপক্ষ সরেজমিনে তার কারখানা পরিদর্শন করে তার পণ্যের মান যাচাই করে পণ্য বাজারজাতকরণের অনুমতি দেয়।

ক. কপিরাইট কী? ১
খ. সমবায়ের প্রধান নীতি কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আব্দুল্লাহ কোন প্রতিষ্ঠানের অনুমোদন নিয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আব্দুল্লাহর ভোগ্যপণ্যের মতো পণ্যসমূহের মান নিয়ন্ত্রণে উক্ত প্রতিষ্ঠানটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

**১১.▶** সুমনার স্বামী ঈদের ছুটিতে বাড়ি আসার পথে লঞ্চডুবিতে মারা যান। স্বামীর মৃত্যুর পর সুমনা জানতে পারে যে, পরিবারের ভবিষ্যৎ চিন্তা করে ৫ বছর আগে তার স্বামী একটি বিমা কোম্পানির সাথে চুক্তি করেছিল। বিমা কোম্পানির চুক্তির মনোনীত ব্যক্তি হিসেবে বিমা কোম্পানি সুমনাকে বিমাকৃত অর্থ পরিশোধের আশ্বাস দিয়েছে।

ক. ব্যবসায় ক্ষতির সম্ভাবনাকে কী বলে? ১
খ. "বিমা একটি ব্যবসায়"-উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. সুমনার স্বামী কোন ধরনের বিমা করেছিল? বর্ণনা করো। ৩
ঘ. 'সুমনার মতো অসহায় মানুষদের জন্য বিমা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে'— বিশ্লেষণ করো। ৪

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | K | ৪ | K | ৫ | N | ৬ | M | ৭ | N | ৮ | L | ৯ | K | ১০ | M | ১১ | M | ১২ | N | ১৩ | N | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | M | ১৯ | M | ২০ | K | ২১ | L | ২২ | K | ২৩ | M | ২৪ | M | ২৫ | K | ২৬ | L | ২৭ | K | ২৮ | K | ২৯ | N | ৩০ | K |